




মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

শিক্ষক বাতায়ন বরিশাল এ প্রকাশিত পোস্ট সম্পর্কে বরিশাল শিক্ষাবোর্ড এর ব্যাখ্যা

- ১। অভিযুক্ত শিক্ষক জনাব মোঃ ওমর ফারুক ২০০৪ সাল থেকে চাঁদপাশা স্কুল এন্ড কলেজে প্রভাষক ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা পদে নিযুক্ত আছেন। তিনি একজন মাস্টার ট্রেনার। নিয়মিত শিক্ষক হিসেবে তিনি (অধ্যক্ষ কর্তৃক প্রত্যায়িত) বরিশাল শিক্ষাবোর্ডের পরীক্ষক হিসেবে নিয়োগ পেয়েছেন। সুতরাং “একই অনভিজ্ঞ ও ভূয়া শিক্ষক” অভিযোগটি ভিত্তিহীন।
- ২। ২০১৬ সালের এসএসসি পরীক্ষার ফলাফলে একটি বিষয়ে ত্রুটি থাকার জন্য দুইজন প্রধান পরীক্ষক দায়ী- যা তদন্তে প্রমাণিত হয়েছে। সুতরাং “বরিশাল শিক্ষাবোর্ড কর্তৃক হত্যা” অভিযোগটি অমূলক।
- ৩। সংশ্লিষ্ট পরীক্ষককে তাঁর অর্জিত যোগ্যতার ভিত্তিতে (স্কোর) নিয়োগ দেয়া হয়েছে। সুতরাং “আমাদের শিক্ষক বাতায়নের প্রশ্নঃ ১, ২, ৩, ৪, ৫” অবান্তর।
- ৪। পরীক্ষক অন্তর্ভুক্তির জন্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক তথ্য যাচাই/সত্যায়ন করে বোর্ডে পাঠানো হয়। উচ্চমাধ্যমিক বিদ্যালয় বা স্কুল অ্যান্ড কলেজের ক্ষেত্রে একই শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ে স্কুল এবং কলেজ উভয় শাখায় পাঠদান করলে তিনি প্রয়োজনীয় স্কোর থাকা সাপেক্ষে এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় পরীক্ষক হতে পারেন- এমন দৃষ্টান্ত বিরল নয় এবং তা পরীক্ষক নিয়োগ নীতিমালার পরিপন্থী নয়। সুতরাং “কিন্তু একই সালে এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় একাধিকবার” ? কোনো অনিয়ম নয়।
- ৫। অভিযোগ অনুসন্ধানকালে দেখা গেছে অভিযোগকারী জনাব আমিনুর রহমান সম্পূর্ণ ব্যক্তিগত বিদ্বেষের বশবর্তী হয়ে জনাব মোঃ ওমর ফারুকের বিরুদ্ধে বিষাদগার করতে গিয়ে বরিশাল শিক্ষাবোর্ডকে মিথ্যে অভিযোগে অভিযুক্ত করেছেন। অশিষ্ট ভাষায় ভিত্তিহীন অভিযোগের মাধ্যমে বরিশাল শিক্ষাবোর্ডের ভাবমূর্তি ক্ষুণ্ণ করায় জনাব আমিনুর রহমান এর বিরুদ্ধে বিধিমতো ব্যবস্থা গ্রহণ করার জন্য সুপারিশ করা হলো।


২০.৬.১৬

মুহাম্মদ শাহ আলমগীর # ১২৪০

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল: barisalboard@gmail.com



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/২০১৬/১২০৬

তারিখ : ০৬ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ
২০ জুন ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় : প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ।

উপরিউক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি “বরিশাল শিক্ষক বাতায়ন” নামক ফেসবুক পেজ এ জনাব আমিনুর রহমান (প্রভাষক, রসায়ন, চাঁদপাশা স্কুল এন্ড কলেজ, বাবুগঞ্জ, বরিশাল) বরিশাল শিক্ষাবোর্ডের পরীক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পর্কে অশিষ্ট ভাষায় ভুল ও মিথ্যা তথ্য সংবলিত বক্তব্য পোস্ট করেন। দুঃখের বিষয় কোনোরূপ সত্যাসত্য যাচাই না করেই ওই ভিত্তিহীন পোস্টটি বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের সদস্য ও ময়মনসিংহ আনন্দমোহন কলেজের অর্থনীতির সহকারী অধ্যাপক জনাব মাহফুজ ভূঁইয়া ফেসবুকে বহুল প্রচার করেন। এতে করে বরিশাল শিক্ষাবোর্ডে কর্মরত বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা অযথা হয়ে প্রতিপন্ন হয়েছেন এবং বোর্ডের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। এমন দায়িত্বহীন অদূরদর্শী কাজের জন্য সংশ্লিষ্ট শিক্ষকের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

২০.৬.১৬

প্রফেসর মু. জিয়াউল হক # ৭০৩৮

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

ফোন: ০৪৩১-৬৩০৩৩

ইমেইল: barisalboard@gmail.com

অধ্যক্ষ

আনন্দমোহন কলেজ

ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। সভাপতি, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি
- ৪। মহাসচিব, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি
- ৫। সংরক্ষণ



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৩বঙ্গাব্দ
২০ জুন, ২০১৬ খ্রি.

স্মারক নং- বশিবো/পনি/উমা/২০১৬/১২০৫

বিষয়ঃ বিধিমতো ব্যবস্থা গ্রহণ।

উপরিউক্ত বিষয় জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলাধীন চাঁদপাশা স্কুল এন্ড কলেজের নিম্নবর্ণিত দুজন শিক্ষক সম্প্রতি “বরিশাল শিক্ষক বাতায়ন” নামক ফেসবুক পেজএ বরিশাল শিক্ষাবোর্ডের পরীক্ষক নিয়োগ প্রক্রিয়ার বিরুদ্ধে অশিষ্ট ভাষায় ভুল তথ্য সংবলিত মিথ্যা ও ভিত্তিহীন বক্তব্য ও মন্তব্য দিয়েছেন। উল্লিখিত অসত্য প্রচারণায় শুধু শিক্ষাবোর্ডের ভাবমূর্তিই ক্ষুণ্ণ হয়নি, উপরন্তু সংশ্লিষ্ট ক্ষেত্রে বিভ্রান্তি দেখা দিয়েছে।

- ১। জনাব আমিনুর রহমান (বক্তব্য প্রদানকারী)
প্রভাষক, রসায়ন বিজ্ঞান
চাঁদপাশা স্কুল এন্ড কলেজ
বাবুগঞ্জ, বরিশাল
- ২। জনাব মো: মনিরুল ইসলাম (মন্তব্যকারী)
প্রভাষক, পদার্থ বিজ্ঞান
চাঁদপাশা স্কুল এন্ড কলেজ
বাবুগঞ্জ, বরিশাল

দায়িত্বহীন, অশিক্ষকসুলভ আচরণের জন্য সংশ্লিষ্ট দুজন শিক্ষকের বিরুদ্ধে বিধিমতো ব্যবস্থা গ্রহণ করে তা নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২০.৬.১৬

প্রফেসর মু: জিয়াউল হক # ৭০৩৮

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬৩০৩৩

E-mail: barisalboard@gmail.com

সভাপতি

গভর্নিং বডি

চাঁদপাশা স্কুল এন্ড কলেজ

বাবুগঞ্জ, বরিশাল

অনুলিপি:

অধ্যক্ষ

চাঁদপাশা স্কুল এন্ড কলেজ

বাবুগঞ্জ, বরিশাল